

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের শাখা ও বিষয় পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি -

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, একাদশ শ্রেণির শিক্ষার্থীদের শাখা ও বিষয় পরিবর্তনের কাজটি নিম্নোক্ত প্রক্রিয়ায় সম্পন্ন করতে হবে -

০১. বরিশাল শিক্ষাবোর্ডের [www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd) এই website এ গেলে ডানপাশে প্যানেল লিংক e-sif (HSC-2020) দেখা যাবে

০২. এই প্যানেল লিংকে কলেজের EIIN ও পাসওয়ার্ড submit করলে SIF Registration 2020 মেনু পাওয়া যাবে।

০৩. SIF Registration 2020 মেনুতে ক্লিক করলে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর ছবিসহ তথ্য দৃশ্যমান হবে।।

০৪. ভর্তিকৃত সকল শিক্ষার্থীর ছবির ডানপাশে একটি এডিট অপশন থাকবে।

০৫. তবে যারা শাখা ও বিষয় পরিবর্তনের আবেদনের সাথে টিটি প্রেরণ করেছে- কেবল তাদের এডিট অপশনের মাধ্যমে শাখা ও বিষয় পরিবর্তনের কাজটি সম্পন্ন করা যাবে। উল্লেখ্য, এডিট অপশনে ক্লিক করার পর, শিক্ষার্থীর e-sif ফরমটি দেখা যাবে। যেখানে কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর পরিবর্তিত বিষয় ও শাখার কোডগুলো লিখতে হবে।

০৬. একাদশ শ্রেণির শিক্ষার্থীদের শাখা ও বিষয় পরিবর্তনের এই প্রক্রিয়াটি আগামী ১০.০৪.২০১৯ থেকে ২৫.০৪.২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০৭. যে সকল কলেজ তাদের আবেদনে সঠিক তথ্য প্রদান করেনি, যেমন - বিজ্ঞপ্তিতে উল্লেখ ছিল, আবেদিত শিক্ষার্থীদের এসএসসি রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। কিন্তু কোন কোন কলেজ তাদের আবেদনে শিক্ষার্থীদের এসএসসি রেজিস্ট্রেশন নম্বরের পরিবর্তে-তাদের মোট সংখ্যা লিখে রেখেছে। যে কারণে ঐ সকল কলেজের শিক্ষার্থীদের শাখা ও বিষয় পরিবর্তনের প্যানেল ওপেন করা যাচ্ছে না।

\*\*\*০৮. অসম্পূর্ণ আবেদনকারী কলেজের শাখা ও বিষয় পরিবর্তনের কাজ নিম্নোক্তভাবে সম্পন্ন করতে হবে -

ক. আবেদনকারী শিক্ষার্থীর মোট আবেদন এবং অবশ্যই টিটি স্লিপ সহ কলেজ পরিদর্শক বরাবর আগামী ১৫.০৪.২০১৯ তারিখের মধ্যে আবেদন করতে হবে-


খ. আবেদনকারী শিক্ষার্থীর আবেদনে পরিবর্তিত শাখা ও বিষয় কোড উল্লেখ থাকতে হবে -

গ. আবেদিত শিক্ষার্থীর আবেদনে ভর্তিকৃত তালিকার প্রিন্টের কপি সংযুক্ত থাকতে হবে -

ঘ. প্রতিটি শিক্ষার্থীর আবেদনের সাথে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্টের অনুলিপি প্রদান করতে হবে -

ঙ. উল্লিখিত তারিখের পর শাখা ও বিষয় পরিবর্তনের আর কোন আবেদন বিবেচনার সুযোগ থাকবে না -

চ. প্রদেয় টিটি স্লিপের অতিরিক্ত কোন শিক্ষার্থীর নাম প্রেরিত হলে সে কলেজের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে -

  
০৮.০৪.২০১৯

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল।